# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সে সময় আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জাগিয়ে তুলতেন তার বর্ণনা

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا كَانَ يُوقِظُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَائِشَةَ فِي ذلك الوقت

---

আরবী

2341 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مِنَ اللَّيْلِ وَأَنَا بَيْنَهُ وَبَيْنَ الْقِبْلَةِ فَإِذَا أَرَادَ أَنْ يُوتِرَ أيقظني فأوترت.
الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2341 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (705): ق.

বাংলা

২৩৪১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে সালাত আদায় করতেন আর আমি তাঁর ও তাঁর কিবলার মাঝে শুয়ে থাকতাম। অতঃপর যখন তিনি বিতর সালাত আদায় করার ইচ্ছা করতেন, তখন তিনি আমাকে জাগিয়ে দিতেন। অতঃপর আমি বিতর সালাত আদায় করতাম।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮২৩; মুসনাদ আহমাদ: ৬/২৩১; সহীহ আল বুখারী: ৫১২; সহীহ মুসলিম: ৫১২; আবূ দাঊদ: ৭১১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91662

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন